

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৯

জিরানীয়া, ২৫ মে, ২০২৪

পুরাতন আগরতলা ব্লকে নজরুল জন্মজয়ন্তী

জিরানীয়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সহযোগিতায় আজ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরাতন আগরতলা ব্লক কার্যালয়ের মিলনায়তনে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ব্লকের বিডিও সৈকত সাহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিষ্ঠ তথ্য আধিকারিক গৌতম দাস। অনুষ্ঠানে অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ নজরুলগীতি ও নৃত্য পরিবেশন করেন।
